



## শেখ হাসিনাসহ ১৬ জনের বিরুদ্ধে গুমের ঘটনায় ট্রাইব্যুনালে বিএনপির অভিযোগ



শেখ হাসিনা: সংগৃহীত ছবি

বিএনপি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক আইনমন্ত্রী আনিসুল হক ও সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদসহ সরকারের উচ্চপদস্থ ১৬ সাবেক কর্মকর্তার বিরুদ্ধে গুমের অভিযোগ দায়ের করেছে।

রোববার (১৩ জুলাই) দুপুরে ভুক্তভোগী পরিবারের সদস্যদের সঙ্গে নিয়ে অভিযোগপত্রটি চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের কাছে হস্তান্তর করেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও তথ্য সেলের সমন্বয়ক সালাহউদ্দিন খান।

অভিযোগপত্রে বলা হয়েছে, ২০১৯ সাল থেকে বর্তমান সরকারের পতনের আগপর্যন্ত সংঘটিত ১১টি গুমের ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন উল্লিখিত ব্যক্তির। শুধুমাত্র বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত থাকার কারণে এসব নাগরিককে গুমের শিকার হতে হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম অভিযোগপত্র গ্রহণের সময় আশ্বস্ত করে বলেন, বিষয়টি তদন্তের পর প্রয়োজনে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।